লেন্স এশিয়া

৩১ আগস্ট, ২০২৬

# মন্ত্রিসভায় আজ উঠতে পারে নতুন পে-স্কেলের খসড়া



ছবি: সংগৃহীত

সরকারি কর্মকর্তা-কর্মচারীদের নতুন বেতন কাঠামো নিয়ে আজ মন্ত্রিসভা কমিটির বৈঠকে আলোচনা হতে পারে। এ সময় প্রস্তাবিত নতুন পে-স্কেলের খসড়াও উপস্থাপন করা হতে পারে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।
সোমবার (৩১ আগস্ট) বিকেলে বৈঠকটি অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। নতুন বেতন কাঠামো কার্যকরের সময়সূচি ও পদ্ধতি নিয়ে সেখানে সিদ্ধান্ত আসতে পারে।

এর আগে মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনির নেতৃত্বাধীন সচিব কমিটি নতুন পে-স্কেল দুই ধাপে বাস্তবায়নের প্রস্তাব দিয়েছিল। তাদের সুপারিশে চলতি অর্থবছরের শুরু থেকে মূল বেতন এবং পরের অর্থবছর থেকে ভাতা কার্যকরের কথা বলা হয়েছিল।

LENS ASIA

তবে মন্ত্রিসভায় পাঠানোর জন্য তৈরি সর্বশেষ প্রস্তাবে বাস্তবায়ন পদ্ধতিতে পরিবর্তন আনা হয়েছে বলে জানা গেছে। নতুন পরিকল্পনায় মূল বেতন ১ জুলাই থেকে কার্যকর করার কথা থাকলেও পুরো অর্থ একবারে না দিয়ে ধাপে ধাপে দেওয়ার বিষয়টি বিবেচনায় রাখা হয়েছে।

তবে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের নতুন পে-স্কেল শেষ পর্যন্ত কবে থেকে কার্যকর হবে এবং কীভাবে তা বাস্তবায়ন করা হবে, সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত আসবে মন্ত্রিসভার বৈঠক থেকে।